# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৪(১০০৭)/১৫/৭১৬ তারিখ : ২৮ মার্চ, ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর ওশেনোগ্রাফি বিভাগের জন্য সহকারী অধ্যাপক এর ১(এক)টি স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল (গ্রেড-০৬) : ৩৫৫০০-৬৭০১০/-

যোগ্যতাঃ যোগ্যতা ও অভিজ্ঞতার কপি এবং অভিজ্ঞতা ও প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক বিশ্ববিদ্যালয়ের ডেসপ্যাচ থেকে সরাসরি সংগ্রহ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও ডাউনলোড করা যাবে।

**আবেদনের সাথে যা যা দাখিল করতে হবে।**

(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর ফটোকপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৪ কপি (গ) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) বিজ্ঞাপনে উল্লেখিত নির্ধারিত মূল্যের MICR ব্যাংক ড্রাফট/পে অর্ডার (ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের ফটোকপি (চ) পূর্বতন অভিজ্ঞতা উল্লেখকারীদের ক্ষেত্রে অভিজ্ঞতার স্বপক্ষে প্রমানপত্র (ছ) সকল প্রকাশনার কপি (জ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য ছক (ঞ) প্রকাশনা সম্পর্কিত তথ্য ছক।

**আবেদন জমাদান সম্পর্কিত প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ :**

০১। আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত দাখিল করতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

০২। রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর সহকারী অধ্যাপক পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকার MICR ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার এর মূল কপি (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

০৩। প্রতিটি সেটের সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ০৮ (আট) সেট দরখাস্তের হার্ড কপি আগামী ২১ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌছাতে হবে।

০৪। আবেদন ফরমের সকল কলাম অবশ্যই পূরণ করতে হবে এবং কোন কলাম সংশ্লিষ্ট না হলে প্রযোজ্য নয় কথাটি লিখতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে।

০৫। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৬। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট ও পদের নাম উল্লেখ করতে হবে।

০৭। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৮। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না কিংবা নতুন কোন ডকুমেন্ট বা তথ্যাদি সংযোজন করা যাবে না।

০৯। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১১। আবেদনের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এবং ছবি ১ম শ্রেণীর গেজেট কর্মকর্তা অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৭ম গ্রেডভুক্ত কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।

১২। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহেরও সফট কপি জমা দিতে হবে। তবে Scopus/ISI indexing ছাড়া অন্যসব জার্নালে প্রকাশিত প্রকাশনাসমূহের সফটকপি TURNITIN সফটওয়ার দ্বারা যাচাই করে রিপোর্টসহ জমা দিতে হবে। সফটকপি addregt2@sust.edu ই-মেইল এড্রেসে পাঠাতে হবে।

২৮/৩/২৪

মোঃ ফজলুর রহমান
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

## সহকারী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা (ওশেনোগ্রাফি বিভাগ):

(ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে তবে **২০০১, ২০০২, ২০০৩ সনে** এসএসসি বা সমমান এবং ২০০৩ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) থাকতে হবে।

(খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/ সংশ্লিষ্ট বিষয়ে **(ওশেনোগ্রাফি/মেরিন সায়েন্স)** স্নাতক (সম্মান) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

(গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে **১ম বিভাগ/ শ্রেণী*** থাকতে হবে। যে কোন একটি পরীক্ষার ফলাফলের শর্ত শিথিলযোগ্য তবে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী* থাকতে হবে।

(ঘ) প্রার্থীর স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকলে ন্যূনতম **২ (দুই) বছরের** বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা*২ থাকতে হবে।

(ঙ) প্রার্থীর পিএইচডি বা সমমান ডিগ্রি থাকলে ন্যূনতম ১ (এক) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা*২ থাকতে হবে। প্রার্থীর এম. ফিল বা সমমান/ অতিরিক্ত মাস্টার্স ডিগ্রি থাকলে ন্যূনতম ১.৫(দেড়) বছরের বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা*২ থাকতে হবে। তবে প্রভাষক পদে ন্যূনতম যোগ্যতা হিসেবে পিএইচ.ডি ডিগ্রী বা সমমানের ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে কোন ধরনের রেয়াত সুবিধা সংশ্লিষ্ট প্রার্থীর জন্য বিবেচিত হবে না। এ ক্ষেত্রে চাকুরীর পূর্ব অভিজ্ঞতাও বিবেচিত হবে না।

(চ) সকল ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম এই বিশ্ববিদ্যালয়ে ১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা*২ থাকতে হবে।

### *চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

*১ বিভাগ/ শ্রেণী বলতে বুঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে যে ১ম, ২য়, ৩য় বিভাগ/ শ্রেণী হিসাবে ফলাফল দেয়া হত।

*২ এই বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের সময় সিলেকশন বোর্ড কর্তৃক চাকুরীর পূর্ব অভিজ্ঞতা সংযুক্তির বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ থাকলে তদনুযায়ী অভিজ্ঞতার সময়কাল অন্য পদে পদোন্নতির ক্ষেত্রে সংযুক্ত হবে। সহকারী অধ্যাপক ও তদুর্ধ পদে প্রথম যোগদানের বেলায় কোন সুপারিশ না থাকলে শাবিপ্রবির নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট পদের জন্য ন্যূনতম অভিজ্ঞতাকাল সংযুক্ত হয়েছে বলে গণ্য হবে।
প্রভাষক পদে যোগদানকারী শিক্ষকদের বেলায় কোন সুপারিশ না থাকলে পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত অভিজ্ঞতার 100%, প্রাইভেট বিশ্ববিদ্যালয় ও সরকার স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান থেকে অর্জিত অভিজ্ঞতার সর্বোচ্চ 50% গণনা করা হবে।

উভয় ক্ষেত্রে অর্জিত অভিজ্ঞতার সর্বোচ্চ ২(দুই) বছর সংযুক্ত হবে।

*৩ প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।

২৮/৩/২৪

রেজিস্ট্রার
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।